ধানমন্ডি ২৭-এ পরপর দুইটি ককটেল বিস্ফোরণ



সংগৃহীত ছবি

রাজধানীর ধানমন্ডি ২৭ নম্বরে এবি ব্যাংক শাখার সামনে হঠাৎ পরপর দুটি ককটেল বিস্ফোরণের ঘটনায় এলাকায় সাময়িক আতঙ্ক তৈরি হয়। সোমবার (১৭ নভেম্বর) রাত প্রায় ৮টা ২৫ মিনিটে এই বিস্ফোরণ ঘটে।

স্থানীয় সূত্র জানায়, ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির বিলবোর্ডসংলগ্ন প্রধান সড়কে হঠাৎ একটি মোটরসাইকেলে এসে দুই দুষ্কৃতি দ্রুতগতিতে ককটেল নিক্ষেপ করে। বিস্ফোরণের সাথে সাথে তারা একই মোটরসাইকেলে করে দ্রুত সটকে পড়ে।

ঘটনায় কোনো হতাহতের খবর না মিললেও হঠাৎ বিস্ফোরণে পথচারীদের মধ্যে উদ্বেগ দেখা দেয়। নিরাপত্তা বাহিনী ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং ঘটনার সত্যতা যাচাই করছে।

LENS ASIA